

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৩০.১৫ ৩০৮

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ
০৩ জুন ২০১৮ খ্রিস্টাব্দ


বিষয়: বিভাগীয় পর্যায়ে প্রাথমিকভাবে ৮টি স্কুল নির্বাচন করা সংক্রান্ত।

সূত্র: অত্র বিভাগের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৩০.১৫-২৯, তারিখ: ২১ জানুয়ারি ২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৭/১২/২০১৭ তারিখে developing inclusive model schools বিষয়ে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় একীভূত শিক্ষা কার্যক্রম চালুর লক্ষ্যে ৮টি বিভাগে একটি করে স্কুল নির্বাচনের সিদ্ধান্ত হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী ৮টি বিভাগে একটি করে ৮টি স্কুল নির্বাচন করে তালিকা মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সূত্রোক্ত স্মারকে অনুরোধ করা হয়। ইতিমধ্যে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় হতে প্রতিটি বিভাগে একটি করে ৮টি বিভাগে ৮ টি প্রাথমিক বিদ্যালয় নির্বাচন করা হয়েছে (কপি সংযুক্ত)। পরবর্তীতে গত ১৫ এপ্রিল ২০১৮ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ের অনুষ্ঠিত সভায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ইতোমধ্যে নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের নিকটবর্তী প্রতিষ্ঠান নির্বাচনের উদ্যোগ গ্রহণ করতে বলা হয়।

০২। এমতাবস্থায়, গত ১৫ এপ্রিল ২০১৮ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ের অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের নিকটবর্তী ৮টি বিভাগে একটি করে ৮টি স্কুল নির্বাচন করে তালিকা আগামী ৭ (সাত) কর্মদিবসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।


(মোঃ কামরুল হাসান)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫৭২০


মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
ঢাকা।

নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৩০.১৫ ৩০৮

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ
০৩ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অফিস কপি।


(মোঃ কামরুল হাসান)
উপসচিব